দৈনিক
আমাদের সময়

তারিখ ... 31 AUG 2016 ...
পৃষ্ঠা ...২... কলাম ...৭...

# কেন্দ্রীয় শহীদ মিনারে সমাবেশ ক্যাম্পাসে ছাত্রলীগের অনশন

**জবি প্রতিনিধি •**

পুরান ঢাকার পুরনো কেন্দ্রীয় কারাগারের জমিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) আবাসিক হল নির্মাণের দাবিতে কেন্দ্রীয় শহীদ মিনারে গতকাল মঙ্গলবার বিক্ষোভ-সমাবেশ করেছেন শিক্ষা প্রতিষ্ঠানটির আন্দোলনরত শিক্ষার্থীরা। একই দিন একই দাবিতে সকাল ৯টা থেকে দুপুর একটা পর্যন্ত জবি ক্যাম্পাসে পৃথক অনশন কর্মসূচি পালিত হয়েছে।

## জগন্নাথের হল আন্দোলন

কেন্দ্রীয় শহীদ মিনারে আন্দোলনকারীরা সাধারণ শিক্ষার্থী। এ আন্দোলনে সক্রিয় রয়েছে বাম সংগঠনগুলো। অন্যদিকে জবি ক্যাম্পাসে অনশন হয়েছে 'হল পুনরুদ্ধার ছাত্র সংগ্রাম পরিষদ'-এর ব্যানারে। এ পরিষদের আহ্বায়ক ছাত্রলীগের জবি সভাপতি শরীফুল ইসলাম। ছাত্রলীগের নেতাকর্মীরাও এতে সক্রিয় ছিলেন।

গত রোববার ও সোমবার ছাত্রলীগের 'মারধরের কারণে' সাধারণ শিক্ষার্থীরা জবি ক্যাম্পাসে কোনো কর্মসূচি পালন করতে পারেনি।

কেন্দ্রীয় শহীদ মিনারের সমাবেশ থেকে দাবি আদায়ের লক্ষ্যে আগামীকাল বৃহস্পতিবার ক্লাস-পরীক্ষা বর্জন করে জাতীয় প্রেসক্লাবে ছাত্র সমাবেশের ডাক দিয়েছেন আন্দোলনকারী শিক্ষার্থীরা। তবে আজ জামায়াতের ডাকা হরতালের কারণে কোনো কর্মসূচি রাখা হয়নি। কেন্দ্রীয় শহীদ মিনারের সমাবেশে বক্তারা বলেন, আন্দোলন ছাড়া সফলতা আসবে না। তাই দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে।

**কেরানীগঞ্জে হল নির্মাণ করবে থার্মেক্স গ্রুপ :** জবির জন্য এক হাজার আসনবিশিষ্ট একটি অত্যাধুনিক ছাত্র হল নির্মাণের ঘোষণা দিয়েছে থার্মেক্স গ্রুপ। এর আগে, ২০১২ সালে বিশ্ববিদ্যালয়টি পরিদর্শনে এসে একটি হল নির্মাণের প্রতিশ্রুতি দিয়েছিলেন থার্মেক্স গ্রুপের চেয়ারম্যান আ. কাদির মোল্লা। তিনি জানান, এত দিন উপযুক্ত স্থানের অভাবে হলটি নির্মাণ সম্ভব হয়নি। এবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাস কেরানীগঞ্জে হলটি নির্মাণ করা হবে বলে জানান তিনি।